

**U.G. 1st Semester Examination - 2021****BENGALI****Course Code : BBNGCCHT101****Course Title : প্রাক-আধুনিক বাংলা সাহিত্য**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ১ = ১০$ 

- ক) চর্যাগীতির তিব্বতী অনুবাদ কে করেন?
- খ) 'সোনে ভরিলী করুণা নারী' — পদকর্তার নাম লেখো।
- গ) 'জাম মরণ ভব কইসন হেই' - পদটির অর্থ লেখো।
- ঘ) বৌদ্ধ সহজিয়াদের মতে 'মহাসুখ' কী?
- ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের নৌকাখণ্ডের গান সংখ্যা কটি?
- চ) 'পাপ বচন কেহে বোল চক্রপাণী' — কথাটির বক্তা কে?
- ছ) 'কথো দূর পথ গিআঁ দেখিল বড়ায়ি' - বড়ায়ি কী দেখেছেন?
- জ) 'কঠদেশ দেখি আঁ শঙ্খত ভৈল লাজে' — কথাটিকে আধুনিক বাংলায় রূপান্তর করো।
- ঝ) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থটির উল্লেখ মধ্যযুগের কোন্ গ্রন্থে পাওয়া যায়?

এও) 'গৌড়েশ্বর দিলা নাম গুণরাজ-খান' - এই অংশে 'গৌড়েশ্বর' কে?

ট) সুদামের বাসস্থান কোথায় ছিল?

ঠ) 'শ্রীকৃষ্ণবিজয়' ভাগবত ছাড়া আর কোন্ গ্রন্থ অনুসরণ করে লেখা হয়েছিল?

ড) রামেশ্বর ভট্টাচার্য্য কার নির্দেশে 'শিবসঙ্কীর্তন' কাব্য রচনা করেছিল?

ঢ) 'শিবসঙ্কীর্তন' কাব্য রচয়িতা কোন্ ধর্মের উপাসক ছিলেন?

ণ) শিবের বিবাহে যৌতুক হিসাবে প্রাপ্ত তিন দাসীর নাম লেখো।

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$ 

- ক) 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থটিতে 'বিজয়' কথাটির অর্থ কোন্ কোন্ দিককে ইঙ্গিত করে?
- খ) 'স্বপ্নে আদেশ দিলেন প্রভু ব্যাস।' — কার উক্তি এবং কোন্ গ্রন্থ থেকে এই অংশটি গৃহীত হয়েছে?
- গ) চর্যাগীতির ভাষা যে বাংলা তা কে কোথায় প্রথম প্রতিপন্ন করেছিলেন?
- ঘ) চর্যাপদগুলির শুরুতে বিভিন্ন রাগের উল্লেখ করা হয়েছে কেন?
- ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে ব্যবহৃত দুটি প্রবাদের নাম লেখো।
- চ) 'তে কারণে খীর নহে মনে' — বক্তার এরূপ মন্তব্যের কারণ কী?

ছ) ‘ধন্য তুমি ধরণীতে ধর্ম পথে মন’ — উদ্ধৃত অংশটি কোথা থেকে নেওয়া হয়েছে? কার উদ্দেশে একথা বলা হয়েছে?

জ) ‘কুলীনের ‘পো’ কে অন্য কি বলিব আমি’ — বক্তা কে? কুলীনের পো বলতে কাকে বোঝানো হয়েছে?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 5 = 10$

ক) তোমাদের পাঠ্য চর্যাগীতির পদগুলি অবলম্বনে সাহিত্যমূল্য নির্ণয় করো।

খ) রামেশ্বর ভট্টাচার্যের ‘শিবসঙ্কীর্তন’ কাব্যে গৌরী কীভাবে নারী মহিমায় উদ্ভাসিত হয়ে উঠেছে তা আলোচনা করো।

গ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের তাম্বুল খণ্ডের মূল কাহিনি লেখো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 10 = 10$

ক) বৌদ্ধধর্ম ও দর্শন কীভাবে চর্যাপদগুলিকে প্রভাবিত করেছে, তা তোমাদের পাঠ্য পদগুলি অবলম্বন করে লেখো।

খ) মালাধর বসুর ‘শ্রীকৃষ্ণবিজয়’ রচনার কারণ হিসাবে যে বিশেষ সাংস্কৃতিক প্রেক্ষাপট কাজ করেছিল তা বুঝিয়ে বলো।

গ) বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কোন্ ধরনের কাব্য তা আলোচনা করো।

—————